# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কিছু বৈশিষ্ট্য যার সবগুলো অথবা কিছু বৈশিষ্ট্য কোন ব্যক্তি আমল করলে, তিনি জান্নাতবাসী হবেন

ذِكْرُ الْخِصَالِ الَّتِي إِذَا اسْتَعْمَلَهَا الْمَرْءُ أَوْ بَعْضَهَا كَانَ مِنْ أَهْلِ الْجَنَّةِ

---

আরবী

أَخْبَرَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدِ بْنِ الْمُبَارَكِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ عِيسَى بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ طَلْحَةَ الْيَامِيِّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْسَجَةَ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ: جَاءَ أَعْرَابِيٌّ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يا رسول الله علمني عَمَلًا يُدخلني الْجَنَّةَ قَالَ: (لَئِنْ كنتَ أَقْصَرْتَ الْخُطْبَةَ فَقَدْ أَعْرَضْتَ الْمَسْأَلَةَ: أَعْتِقِ النَّسَمَةَ وفُك الرقبة) قال: أوليستا بِوَاحِدَةٍ؟ قَالَ: لَا عِتْقُ النَّسَمَةِ أَنْ تفرَّد بِعِتْقِهَا وَفَكُّ الرَّقَبَةِ أَنْ تُعْطِي فِي ثَمَنِهَا وَالْمِنْحَةُ الْوَكُوفُ وَالْفَيْءُ عَلَى ذِي الرَّحِمِ الْقَاطِعِ فَإِنْ لَمْ تُطِقْ ذَاكَ فَأَطْعِمِ الْجَائِعَ وَاسْقِ الظَّمْآنَ ومُرْ بِالْمَعْرُوفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ فَإِنْ لَمْ تُطِقْ ذَلِكَ فكُفَّ لِسَانَكَ إِلَّا مِنْ خير.)

الراوي : الْبَرَاء بْن عَازِبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 375 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৭৫. বারা বিন ‘আযিব রাদ্বিয়াল্লাহু থেকে বর্ণিত, তিনি বলেন: “এক বেদুঈন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে একটি আমল শিক্ষা দিন, যা আমাকে জান্নাতে প্রবেশ করাবে।” তিনি বলেন: “তুমি অল্প শব্দে অনেক বড় বিষয়ে প্রশ্ন করেছো! তুমি কোন প্রাণ মুক্ত করবে, এবং গর্দান অবমুক্ত করবে।” তিনি বলেন: “দুটি কি একই বিষয় নয়?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “না, দুটি বিষয় এক না। ‘কোন প্রাণ মুক্ত করা’ হলো তুমি একককভাবে তাকে আজাদ করে দিবে। আর ‘গর্দান অবমুক্ত করা’ হলো তুমি তার মূল্য পরিশোধ (করার কাজে সহযোগিতা) করবে। এমন দান করবে, যা ধারাবাহিকভাবে অব্যাহত থাকে, সম্পর্ক ছিন্নকারী নিকটাত্নীয়ের সাথে সম্পর্ক বজায় রাখবে,

যদি তুমি তা করতে সক্ষম না হও, তবে ক্ষুধার্ত ব্যক্তিকে খাবার দিবে, পিপাসিত ব্যক্তিকে পান করাবে, সৎ কাজের আদেশ করবে, মন্দ কাজে নিষেধ করবে। যদি তুমি তা করতে সমর্থ না হও, তবে কল্যাণকর কথা ব্যতিত তোমার জবানকে সংযত রাখবে।”[1]

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ৭৩৯; মুসনাদ আহমাদ: ৪/২৯৯; সুনানু বাইহাকী: ১০/২৭২, ২৭৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৪১৯; মাজমা‘উয যাওয়াইদ: ৪/২৭০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88674

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন